দৈনিক ইনকিলাব 13

তারিখ 14 JUL 1987
পৃষ্ঠা ৮ কলাম ৮



নবাবগঞ্জ (ঢাকা)ঃ দীর্ঘদিন থেকে মহাকবি কায়কোবাদ উচ্চ বালিকা বিদ্যালয়ের ভবনটির নির্মাণ কাজ অসমাপ্ত অবস্থায় রয়েছে। —ইনকিলাব

# কায়কোবাদ বালিকা বিদ্যালয়ে নানা সমস্যা বিদ্যমান

নবাবগঞ্জ, ১৩ জুলাই (সংবাদদাতা)।— ঢাকার নবাবগঞ্জ উপজেলার আগলাস্থ মহাকবি কায়কোবাদ উচ্চ বালিকা বিদ্যালয় ভবনটি মেরামত ও সংস্কারের অভাবে রয়েছে। স্থানীয় ইজারা সম্পত্তির উপর বিদ্যালয় ভবনটি অবস্থিত। ১৯৭২ সালে বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয় এবং ১৯৭৩ সালে সরকারী স্বীকৃতি লাভ করে। কিন্তু আজ প্রায় ১৫ বছর হয়ে গেল বিদ্যালয়টির কোন পরিবর্তন হয়নি। উন্নয়নের জন্য সরকারীভাবে কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি। ক্লাসের শ্রেণীকক্ষগুলো এতই ছোট যে সেখানে লেখাপড়া করার পরিবেশ নেই বললেই চলে। একটি ক্লাসে ২০/২২ জনের বেশী ছাত্রী বসতে পারে না।

কমনরুম, লাইব্রেরী ও বিজ্ঞানাগার নেই। বিজ্ঞানাগারে ব্যবহারের উপযোগী কোন যন্ত্রপাতি নেই। লাইব্রেরীতে কোন বই নেই। প্রয়োজনীয় কাগজপত্র রাখার জন্য কোন স্টীলের আলমারী পর্যন্ত নেই। মেয়েদের জন্য আলাদা কোন পায়খানা বা প্রস্রাব খানা নেই।

প্রয়োজনের তুলনায় চেয়ার, টেবিল, বেঞ্চের সংখ্যা খুবই কম। দরজা-জানালা প্রায়ই ভেঙ্গে গেছে। একটু বৃষ্টি হলেই ছাদ দিয়ে পানি পড়ে। মাঝে মাঝে দেয়ালের প্লাস্টার খসে পড়ে। প্রায়োজনের তুলনায় শিক্ষকের সংখ্যা খুবই কম। বর্তমানে মাত্র ৭ জন শিক্ষক বিদ্যালয়ের কাজ চালিয়ে আসছেন। বিদ্যালয়ে মহিলা শিক্ষক নেই।